রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ২৬, ২০২৩

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৫ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ/১৮ এপ্রিল, ২০২৩ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং-৮৬/আইন/২০২৩।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৪০ এর উপ-অনুচ্ছেদ (২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম।**—(১) এই বিধিমালা আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) ‘‘**কমিশন**’’ অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(২) ‘‘**জিপিএ**’’ অর্থ গ্রেড পয়েন্ট গড় [Grade Point Average (GPA)];

(৩) ‘‘**তফসিল**’’ অর্থ এই বিধিমালার তফসিল;

(৪) ‘‘**নিয়োগকারী কর্তৃপক্ষ**’’ অর্থ সরকারের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মচারী;

(৫) ‘‘**পদ**’’ অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(৬) ‘‘**প্রয়োজনীয় যোগ্যতা**’’ অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিল-১ উল্লিখিত যোগ্যতা;

(৭) ‘‘**শিক্ষানবিশ**’’ অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;


মূল্য : টাকা ৩০.০০

(৮) **''সিজিপিএ''** অর্থ সামষ্টিক গ্রেড পয়েন্ট গড় [Cumulative Grade Point Average (CGPA)]; এবং

(৯) **''স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "বোর্ড" বা "ইনস্টিটিউট" বা "প্রতিষ্ঠান"** অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান, এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিল-১ এ বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯ এর উপ-অনুচ্ছেদ (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি পালন সাপেক্ষে কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ প্রদান করা যাইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিল-১ এ উল্লিখিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, বা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, বা বাংলাদেশের ডমিসাইল না হন; বা

(খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগলাভের যোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসসহ যথাযথ ফরম পূরণপূর্বক নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারি চাকুরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধ্বতন কর্মচারীর মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, জাতীয় বেতনস্কেলের গ্রেড ১৩-১৬ এর কোনো পদ হইতে গ্রেড ১০-১২ এর কোনো পদে এবং গ্রেড ১০-১২ এর কোনো পদ হইতে গ্রেড ৯ বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিশি।**—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য, নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবেন, যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **বিশেষ বিধান।**—তফসিল-১ এ উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি নিয়োগ এবং পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

৮। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০২ রহিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত বিধিমালার অধীন,—

(ক) কৃত কোনো কার্য বা গৃহীত কোনো ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) নিয়োগপ্রাপ্তদের নিয়োগ, শিক্ষানবিশিসহ চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি ও অর্জিত অধিকারসমূহ এমনভাবে চলমান থাকিবে যেন উহা এই বিধিমালার বিধান অনুযায়ী প্রাপ্ত ও অর্জিত হইয়াছে; এবং

(গ) গৃহীত বা সূচিত কোনো কার্য, এই বিধিমালা কার্যকর হইবার সময়, অনিষ্পন্ন বা চলমান থাকিলে উহা, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল-১**

**[বিধি ২ এর উপ-বিধি (৩), (৫), (৬), বিধি ৩ এর উপ-বিধি (১), (২) এবং বিধি ৭ দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | মহাপরিচালক | - | প্রেষণে বদলির মাধ্যমে | অতিরিক্ত সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |
| ২। | পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>উপ-পরিচালক (আরকাইভস), চিফ বিবলিওগ্রাফার/ উপ-পরিচালক (গেজেটেড), প্রোগ্রামার বা উপ-পরিচালক পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>প্রেষণে বদলির ক্ষেত্রে:</u>**<br>যুগ্ম-সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |
| ৩। | উপ-পরিচালক (আরকাইভস) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>সহকারী গ্রন্থাগার পরিচালক, বিবলিওগ্রাফার, সহকারী পরিচালক, সহকারী পরিচালক (আরকাইভস), গবেষণা কর্মকর্তা, প্রোগ্রামিং অফিসার, মাইক্রোফিল্ম অফিসার, সহকারী পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), সহকারী পরিচালক (পাঠক ও গবেষক) বা সিনিয়র লাইব্রেরিয়ান পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>প্রেষণে বদলির ক্ষেত্রে:</u>**<br>সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪। | চিফ বিবলিওগ্রাফার/ উপ-পরিচালক (গেজেটেড) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>সহকারী গ্রন্থাগার পরিচালক, বিবলিওগ্রাফার, সহকারী পরিচালক, সহকারী পরিচালক (আরকাইভস), গবেষণা কর্মকর্তা, প্রোগ্রামিং অফিসার, মাইক্রোফিল্ম অফিসার, সহকারী পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), সহকারী পরিচালক (পাঠক ও গবেষক) বা সিনিয়র লাইব্রেরিয়ান পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>প্রেষণে বদলির ক্ষেত্রে:</u>**<br>সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |
| ৫। | প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৬। | উপ-পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>সহকারী গ্রন্থাগার পরিচালক, বিবলিওগ্রাফার, সহকারী পরিচালক, সহকারী পরিচালক (আরকাইভস), গবেষণা কর্মকর্তা, প্রোগ্রামিং অফিসার, মাইক্রোফিল্ম অফিসার, সহকারী পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), সহকারী পরিচালক (পাঠক ও গবেষক) বা সিনিয়র লাইব্রেরিয়ান পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>প্রেষণে বদলির ক্ষেত্রে:</u>**<br>সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৭। | সহকারী গ্রন্থাগার পরিচালক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ISBN অফিসার, কম্পাইলেশন অফিসার বা ডকুমেন্টশন অফিসার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয় প্রথম শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক(সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক(সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা। |
| ৮। | বিবলিওগ্রাফার | ৩০ বৎসর | মোট পদের শতকরা ৩৩ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৬৭ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ISBN অফিসার, কম্পাইলেশন অফিসার বা ডকুমেন্টশন অফিসার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক(সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৯। | সহকারী পরিচালক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সিনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (আরকাইভস) বা সিনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইতিহাস বা ইসলামের ইতিহাস বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা। |
| ১০। | সহকারী পরিচালক (আরকাইভস) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সিনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (আরকাইভস) বা সিনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইতিহাস বা ইসলামের ইতিহাস বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১১। | গবেষণা কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সিনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (আরকাইভস) বা সিনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইতিহাস বা ইসলামের ইতিহাস বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা। |
| ১২। | প্রোগ্রামিং অফিসার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা।<br>অথবা<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে কম্পিউটার প্রোগ্রামিং এ প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৩। | মাইক্রোফিল্ম অফিসার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>জুনিয়র মাইক্রোফিল্মিং এন্ড ফটোস্ট্যাটিং অফিসার বা আইসিটি ল্যাব টেকনিশিয়ান পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বিজ্ঞান বা রসায়ন বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা। |
| ১৪। | সহকারী পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) | - | পদোন্নতির মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রিসহ ট্রেনিং কো-অর্ডিনেটর পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ১৫। | সহকারী পরিচালক (পাঠক ও গবেষক) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>ISBN অফিসার, কম্পাইলেশন অফিসার বা ডকুমেন্টশন অফিসার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা। |
| ১৬। | সহকারী প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১৭। | সিনিয়র লাইব্রেরিয়ান | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>লাইব্রেরিয়ান পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ১৮। | জুনিয়র মাইক্রোফিল্মিং এন্ড ফটোস্ট্যাটিং অফিসার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রিসহ সিনিয়র হস্তলিপি সহকারী পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরির অভিজ্ঞতা অথবা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ মাইক্রোফিল্ম অপারেটর পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | **<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান অনুষদের যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ১৯। | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসা প্রশাসনে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ হিসাবরক্ষক পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ অনুযায়ী। |
| ২০। | ট্রেনিং কো-অর্ডিনেটর | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>অফিস সুপারিনটেনডেন্ট বা প্রধান সহকারী পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এবং ইন্টারনেটে কাজ করিবার বাস্তব অভিজ্ঞতা। |
| ২১। | আইসিটি ল্যাব টেকনিশিয়ান | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে কম্পিউটার, ইলেকট্রিক্যাল বা ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং-এ অন্যূন সিজিপিএ ৩.০০ সহ ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ডিগ্রি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২২। | ISBN অফিসার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সিনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (লাইব্রেরি) বা ক্যাটালগার পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে MS Office এবং ইন্টারনেটে কাজ করিবার বাস্তব অভিজ্ঞতা। |
| ২৩। | কম্পাইলেশন অফিসার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সিনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (লাইব্রেরি) বা ক্যাটালগার পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে MS Office এবং ইন্টারনেটে কাজ করিবার বাস্তব অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৪। | ডকুমেন্টশন অফিসার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সিনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (লাইব্রেরি) বা ক্যাটালগার পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক(সম্মান) ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে MS Office এবং ইন্টারনেটে কাজ করিবার বাস্তব অভিজ্ঞতা। |
| ২৫। | লাইব্রেরিয়ান | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সিনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (লাইব্রেরি) বা ক্যাটালগার পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৬। | সিনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (আরকাইভস) | ৩০ বৎসর | মোট পদের শতকরা ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>জুনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (আরকাইভস) বা জুনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইতিহাস বা ইসলামের ইতিহাস বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ২৭। | সিনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট | ৩০ বৎসর | মোট পদের শতকরা ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>জুনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (আরকাইভস) বা জুনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইতিহাস বা ইসলামের ইতিহাস বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৮। | সিনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (লাইব্রেরি) | ৩০ বৎসর | মোট পদের শতকরা ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>জুনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (লাইব্রেরি) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমা ডিগ্রি;<br>(গ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(ঘ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৯। | কম্পিউটার অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৩০। | অফিস সুপারিনটেনডেন্ট | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>স্টোর এসিসটেন্ট/উচ্চমান সহকারী বা উচ্চমান সহকারী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩১। | প্রধান সহকারী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>স্টোর এসিসটেন্ট/উচ্চমান সহকারী বা উচ্চমান সহকারী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩২। | হিসাবরক্ষক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>ক্যাশিয়ার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ অনুযায়ী। |
| ৩৩। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৩৪। | ক্যাটালগার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>জুনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (লাইব্রেরি) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রিসহ গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমা; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৫। | সিনিয়র হস্তলিপি সহকারী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>মাইক্রোফিল্ম অপারেটর বা হস্তলিপি সহকারী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৬। | জুনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (আরকাইভস) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইতিহাস বা ইসলামের ইতিহাস বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৭। | জুনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইতিহাস বা ইসলামের ইতিহাস বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৮। | জুনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (লাইব্রেরি) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রিসহ গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমা;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৯। | ক্যাশিয়ার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>হিসাব সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ অনুযায়ী। |
| ৪০। | স্টোর এসিসটেন্ট/ উচ্চমান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ৪১। | উচ্চমান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ৪২। | মাইক্রোফিল্ম অপারেটর | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ল্যাবরেটরি সহকারী, লেমিনেশন মেশিন অপারেটর, ISBN সহকারী, পাঠকক্ষ সহকারী, স্ট্যাকরুম সহকারী বা ফিউমিগেশন সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা;<br>(গ) সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(ঘ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪৩। | সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৪৪। | হস্তলিপি সহকারী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ল্যাবরেটরি সহকারী, লেমিনেশন মেশিন অপারেটর, ISBN সহকারী, পাঠকক্ষ সহকারী, স্ট্যাকরুম সহকারী বা ফিউমিগেশন সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা;<br>(গ) সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(ঘ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৫। | ল্যাবরেটরি সহকারী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>মেন্ডার কাম বাইন্ডার, দপ্তরি, বুক সর্টার বা রেকর্ড সর্টার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা;<br>(গ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(ঘ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪৬। | লেমিনেশন মেশিন অপারেটর | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ফটোকপি অপারেটর পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরির অভিজ্ঞতা অথবা মেন্ডার কাম বাইন্ডার, দপ্তরি, বুক সর্টার বা রেকর্ড সর্টার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতাসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৭। | হিসাব সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসা শিক্ষা বিভাগে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৮। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৪৯। | ISBN সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫০। | পাঠকক্ষ সহকারী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ফটোকপি অপারেটর বা ডেসপাস রাইডার পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরির অভিজ্ঞতা অথবা দপ্তরি, রেকর্ড সর্টার, বুক সর্টার বা মেন্ডার কাম বাইন্ডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫১। | ডাটা এন্ট্রি অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৫২। | স্ট্যাকরুম সহকারী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ফটোকপি অপারেটর বা ডেসপাস রাইডার পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরির অভিজ্ঞতা অথবা দপ্তরি, রেকর্ড সর্টার, বুক সর্টার বা মেন্ডার কাম বাইন্ডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৩। | ফিউমিগেশন সহকারী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ফটোকপি অপারেটর বা ডেসপাস রাইডার পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরির অভিজ্ঞতা অথবা দপ্তরি, রেকর্ড সর্টার, বুক সর্টার বা মেন্ডার কাম বাইন্ডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৪। | ড্রাইভার (গ্রেড-১৫) | সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৫৫। | ড্রাইভার (গ্রেড-১৬) | সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৫৬। | ফটোকপি অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৫৭। | ডেসপাস রাইডার | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৫৮। | লিফট অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) লিফট চালনা ও সার্ভিসিং এর কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৯। | মেন্ডার-কাম-বাইন্ডার | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহায়ক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ৬০। | দপ্তরি | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহায়ক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ৬১। | বুক সর্টার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৬২। | রেকর্ড সর্টার | - | পদোন্নতির মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) অফিস সহায়ক বা নিরাপত্তা প্রহরী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ৬৩। | অফিস সহায়ক | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৬৪। | পরিচ্ছন্নতা কর্মী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৫। | নিরাপত্তা প্রহরী | - | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |
| ৬৬। | পরিচ্ছন্নতা কর্মী | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী। | | |
| ৬৭। | মেন্ডার কাম বাইন্ডার | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী। | | |
| ৬৮। | রেকর্ড সর্টার | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী। | | |
| ৬৯। | অফিস সহায়ক | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী। | | |
| ৭০। | মালী | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী। | | |

**তফসিল-২**

**[তফসিল-১ এর ক্রমিক নম্বর ২৮, ৩৪, ৩৬, ৩৭ এবং ৩৮ দ্রষ্টব্য]**

**সিনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট, ক্যাটালগার, জুনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (আরকাইভস), জুনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট, জুনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (লাইব্রেরি) পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি**

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১. বাংলা | ১৫ | ৫০% | ৯০ মিনিট |
| | ২. ইংরেজি | ১৫ | | |
| | ৩. গণিত | ১৫ | | |
| | ৪. সাধারণ জ্ঞান | ১০ | | |
| | ৫. বিষয়ভিত্তিক | ১৫ | | |
| | মোট | ৭০ | | |
| মৌখিক পরীক্ষা | | ৩০ | | |
| সর্বমোট নম্বর | | ১০০ | | |

**ব্যাখ্যা:** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

**তফসিল-৩**

**[তফসিল-১ এর ক্রমিক নম্বর ৩০, ৩১, ৩৫, ৪২, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৪৯, ৫০, ৫২ এবং ৫৩ দ্রষ্টব্য]**

**অফিস সুপারিনটেনডেন্ট, প্রধান সহকারী, সিনিয়র হস্তলিপি সহকারী, মাইক্রোফিল্ম অপারেটর, হস্তলিপি সহকারী, ল্যাবরেটরী সহকারী, লেমিনেশন মেশিন অপারেটর, হিসাব সহকারী, ISBN সহকারী, পাঠকক্ষ সহকারী, স্ট্যাকরুম সহকারী ও ফিউমেগশন সহকারী পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি**

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১. বাংলা | ২০ | ৫০% | ৯০ মিনিট |
| | ২. ইংরেজি | ২০ | | |
| | ৩. গণিত | ১৫ | | |
| | ৪. সাধারণ জ্ঞান | ১৫ | | |
| | মোট | ৭০ | | |
| মৌখিক পরীক্ষা | | ৩০ | | |
| সর্বমোট নম্বর | | ১০০ | | |

**ব্যাখ্যা:** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

**তফসিল-৪**

**[তফসিল-১ এর ক্রমিক নম্বর ৫৮ এবং ৬১ দ্রষ্টব্য]**

**লিফট অপারেটর ও বুকসর্টার পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি**

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১. বাংলা | ২০ | ৫০% | ৬০ মিনিট |
| | ২. ইংরেজি | ২০ | | |
| | ৩. গণিত | ২০ | | |
| | ৪. সাধারণ জ্ঞান | ১০ | | |
| | মোট | ৭০ | | |
| মৌখিক পরীক্ষা | | ৩০ | | |
| | **সর্বমোট নম্বর** | ১০০ | | |

**ব্যাখ্যা:** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**গৌতম কুমার**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক, (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd